

আজ ২৩ ফেব্রুয়ারি, ২০২৫ দুপুর ২.৩০ ঘটিকায় জাতীয় পুষ্টিসেবা কর্তৃক আয়োজিত **Steering Committee for Nutrition Implementation** এর কর্মশালা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষে, বাংলাদেশ সচিবালয়, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত কর্মশালায় সভাপতির আসন অলংকিত করেছিলেন মোঃ সাইদুর রহমান, সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় এবং বিশেষ অতিথি হিসেবে অধ্যাপক ডা. মোঃ আবু জাফর, মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, এ. টি. এম. সাইফুল ইসলাম, অতিরিক্ত সচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ, ডাঃ মোঃ শিবির আহমেদ ওসমানী, যুগ্মসচিব (জনস্বাস্থ্য), স্বাস্থ্য সেবা বিভাগ উপস্থিত ছিলেন। উক্ত কর্মশালায় অধ্যাপক ডা. আনজুমান আরা সুলতানা, লাইন ডাইরেক্টর এবং উপস্থিত ছিলেন ডা. মনজুর আল মুর্শেদ চৌধুরী, প্রোগ্রাম ম্যানেজার এবং ডেপুটি প্রোগ্রাম ম্যানেজারগণ। উক্ত কর্মশালায় জাতীয় পুষ্টিসেবার অগ্রগতি পর্যালোচনা ও জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন এর তারিখ ও কার্যক্রম সম্পর্কে আলোচনা করা হয়। এক্ষেত্রে ১৫ মার্চ ২০২৫ শনিবার জাতীয় ভিটামিন-এ প্লাস ক্যাম্পেইন সিদ্ধান্ত গ্রহন করা হয়েছে। কর্মশালাটি সাফল্যতার সহিত অনুষ্ঠিত হয়েছে।